

হল খুলে দেওয়াসহ ৭ দফা প্রস্তাব জাবি শিক্ষার্থীদের

জাবি প্রতিনিধি

২১ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২১ নভেম্বর ২০১৯ ০১:৫৮



আমাদের মমতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) অচলাবস্থা থেকে উত্তরণের জন্য ক্লাস-পরীক্ষা ও হল সচল করার জন্য উপাচার্য বরাবর আবেদন করেছে সাধারণ শিক্ষার্থীরা। গতকাল বুধবার দুপুর দেড়টায় বিশ্ববিদ্যালয়ের পুরনো প্রশাসনিক ভবনে উপাচার্যের কাছে এ আবেদনপত্র দেন তারা। এ সময় হল খুলে দেওয়াসহ সাত দফা প্রস্তাব দেওয়া হয়। গতকাল বিকালে আলিফ ফয়সাল নামের এক শিক্ষার্থী স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

তাদের অন্যান্য প্রস্তাব হচ্ছে N অচলাবস্থার ক্ষতি পুষ্টিয়ে নিতে শীতকালীন ছুটি করাতে, চাকরির পরীক্ষায় অংশ নিতে অনিচ্ছিয়তা দূর করে আটকে থাকা ফল প্রকাশ, শিক্ষার্থীদের বিরুদ্ধে আনা অজ্ঞাতনামা মামলা তুলে নেওয়া এবং শিক্ষকদের ওপর হামলার তদন্ত করে অপরাধীদের শাস্তির ব্যবস্থা, আন্দোলনে অনুপ্রবেশকারীদের বিষয়ে সরকারের হস্তক্ষেপ, দুর্নীতির তদন্তের রিপোর্ট আসার আগ পর্যন্ত আন্দোলনকারীদের আন্দোলন স্থগিত এবং তদন্তের স্বচ্ছতা ও সুষ্ঠু পরিস্থিতির স্বার্থে উভয় পক্ষকে কাদা ছোড়াচুড়ি থেকে বিরত থাকা।

গত ৫ নভেম্বর আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলার পর জরংরি এক সিডিকেট সভায় অনিদিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। এ বন্ধের মধ্যেই উপাচার্যের অপসারণ ও ছাত্রলীগের হামলার প্রতিবাদে আন্দোলন চালিয়ে যান আন্দোলনকারীরা।

